



ঢাকা বিশ্ববিদ্যালয়
বিজ্ঞপ্তি

সুমিতোমো কর্পোরেশন এশিয়া এন্ড ওসিনিয়া প্রাইভেট লিমিটেড বৃত্তি: ২০২১-২০২২

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে (যারা ২০২১ সনে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ) সুমিতোমো কর্পোরেশন এশিয়া এন্ড ওসিনিয়া প্রাইভেট লিমিটেড কর্তৃক ১০ (দশ)টি বৃত্তি প্রদান করা হবে। সদাচরণ, পড়াশুনা সন্তোষজনক অগ্রগতি এবং নিয়মিত অধ্যয়ন সাপেক্ষে এই বৃত্তি পরবর্তী ৩ (তিন) বছর নবায়নযোগ্য। সুমিতোমো কর্পোরেশন এশিয়া এন্ড ওসিনিয়া প্রাইভেট লিমিটেড কর্তৃক শিক্ষার্থীদের বৃত্তি চূড়ান্ত ভাবে নির্বাচন করা হয়।

আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীরা (যারা বৃত্তির নিম্নোক্ত শর্তাবলী পূরণ করেছেন) নির্ধারিত আবেদন ফর্মে উক্ত বৃত্তির জন্য আবেদন করতে পারবে। সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা উক্ত বৃত্তির আবেদনের জন্য নির্ধারিত আবেদন ফর্ম রেজিস্ট্রারের অফিস শিক্ষা-৫ শাখা (রুম নং-২১২) অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.du.ac.bd) প্রকাশিত বিজ্ঞপ্তি থেকে ডাউনলোড করে সংগ্রহ করতে পারবে (ডাউনলোডকৃত ফর্ম Legal Size-এর অপসেট কাগজে প্রিন্ট দিতে হবে)। আবেদন ফর্ম যথাযথ ভাবে পূরণ করে ২(দুই) কপি রঙিন ছবি, এসএসসি ও এইচএসসি-এর নম্বরপত্র এবং বিভাগীয় প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। তারপর আবেদন ফর্মে স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউট-এর পরিচালক এবং হল প্রাধ্যক্ষের স্বাক্ষর ও সীলমোহরসহ আবেদন ফর্মের ২(দুই) সেট (মূল কপির সাথে ১(এক) কপি ফটোকপি) আগামী ০৯/০১/২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রারের অফিস শিক্ষা-৫ শাখায় (প্রশাসনিক ভবন, ২য় তলায়, কক্ষ নং-২১২) জমা দিতে হবে।

“বৃত্তির আবেদনের শর্তাবলী”

- ১। আবেদনকারী শিক্ষার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ২। আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি-তে ৪.৮০ (৪র্থ বিষয় বাদে) এবং এইচএসসি-তে ৪.৮০(৪র্থ বিষয় বাদে) গ্রেড থাকতে হবে। এসএসসি এবং এইচএসসি-তে প্রাপ্ত নম্বরপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। আবেদনকারী শিক্ষার্থীর লেখাপড়ার জন্য আর্থিক সহায়তা প্রয়োজন এই মর্মে বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালক কর্তৃক ইংরেজীতে একটি প্রত্যয়নপত্র আবেদন ফর্মের সাথে জমা দিতে হবে।
- ৪। আবেদনকারী শিক্ষার্থীর অভিভাবকের আয়ের সনদের সত্যায়িত কপি আবেদন ফর্মের সাথে জমা দিতে হবে।
- ৫। ৩১/০১/২০২৫ তারিখে শিক্ষার্থীর বয়স ৩০(ত্রিশ) বছরের নিম্নে হতে হবে।
- ৬। যদি কোন শিক্ষার্থী সুমিতোমো কর্পোরেশন এশিয়া এন্ড ওসিনিয়া প্রাইভেট লিমিটেড-এর বৃত্তির সম্পরিমাণ অর্থ অন্য কোন বেসরকারী প্রতিষ্ঠান হতে বৃত্তি প্রাপ্ত হয়, তাহলে উক্ত শিক্ষার্থী এই বৃত্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।

আপনার বিহ্বল

স্বাক্ষরিত/-

(শিউলি আফহার)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ২০/১/২০২৪ বঙ্গাব্দ
০৫/২২ /২০২৪ খ্রিঃ

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/ ৩৬২৬২ - সি

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্ন লিখিতদের নিকট অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।